



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি সান্দত কলেজ
করটিয়া, টাঙ্গাইল



তারিখ: ১২/০২/২০২৪ খ্রি.

ভর্তি বিষয়ক ওয়েবসাইট

(www.nu.ac.bd/admissions)

SMS Code: 16222

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে, যে সকল শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন করতে পারেনি অথবা প্রাথমিক আবেদন করেও কলেজ কর্তৃক তা নিশ্চায়ন করা হয়নি এবং ২০২০ সালে প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ২য় পর্যায়ে আগামী ১৩/০২/২০২৪ তারিখ হতে ২০/০২/২০২৪ তারিখ পর্যন্ত অনলাইন প্রাথমিক আবেদন করতে পারবে। উক্ত সময়সীমার মধ্যেই আবেদন কার্যক্রম সম্পন্ন করতে হবে। আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ১৩/০২/২০২৪ তারিখ হতে ২২/০২/২০২৪ তারিখ এর মধ্যে Sonali eSheba এর মাধ্যমে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার নিয়ম: <https://sbl.com.bd:7070> লিংক- এ প্রবেশ করে অথবা Sonali eSheba মোবাইল অ্যাপ এর মাধ্যমে National University Fees মেন্যু থেকে Application Fee অপশনে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে। ভুল রোল নম্বরে টাকা জমা দিলে উক্ত ফরম অনলাইনে এন্ট্রি হবে না।

- ১ম পর্যায়ে যে সকল শিক্ষার্থী অনলাইন প্রাথমিক আবেদন করেছে তাদের ২য় পর্যায়ে আবেদন করার প্রয়োজন নেই।
- অনলাইন প্রাথমিক আবেদন ফরম কলেজে জমা দেয়ার প্রয়োজন নেই।

○ আবেদনের যোগ্যতা:

১. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সাল সমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
২. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদী প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/ ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
৩. এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।
৪. জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/ প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/ অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/ অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।
৫. প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।


○ সতর্কতা:

ভর্তির আবেদন ফরমের কপি ও টাকা জমা দেয়ার সোনালী পেমেণ্ট গেটওয়ে কর্তৃক ৩০০/- (তিনশত) টাকা ইস্যুকৃত **Transaction** নম্বরের SMS নিজের কাছে সংরক্ষণ করবে।

ভর্তি সংক্রান্ত যে কোন প্রয়োজনে:

- ১। জনাব মোহাম্মদ আবেদ আহাদ তালুকদার, সহযোগী অধ্যাপক, মোবা: ০১৭১৬-৯১৭৭৭৮
- ২। জনাব মো. মুক্তার হোসাইন, সহকারী অধ্যাপক, গণিত, মোবা: ০১৯১৪-২৭২৯০০
- ৩। জনাব লায়লা ইয়াসমিন, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান, মোবা: ০১৭২৩-৯০৬৮০৬
- ৪। জনাব মেহেদী হাসান, কম্পিউটার অপারেটর, মোবা: ০১৭১৭-৯১৩১৯৭




12.02.2024
অধ্যক্ষ
সরকারি সান্দত কলেজ
করটিয়া, টাঙ্গাইল
সরকারি সান্দত কলেজ
করটিয়া, টাঙ্গাইল।
22/02/24